



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।



[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)

স্মারক নং- ৩৭.০২.০০০০.১১০.৭১.০০১.২০/২৪৪(ক)

তারিখ : ১২/১০/২০২০ খ্রি.

বিষয়: নিজস্ব PDS Login এর মাধ্যমে উচ্চ শিক্ষা/গবেষণা কর্মের অগ্রগতির প্রতিবেদন দাখিল সহজীকরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রশিক্ষণ উইং এ বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে ন্যাস্ত থেকে যেসকল কর্মকর্তা দেশে/বিদেশে উচ্চ শিক্ষা/গবেষণা কাজে নিয়োজিত আছেন তাদের প্রতি ০৬ (ছয়) মাসের অগ্রগতির প্রতিবেদন দাখিল সহজীকরণের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ইনোভেশন টিম সিদ্ধান্ত গ্রহণ করেছে। নিজস্ব PDS Login এর মাধ্যমে নিজ অবস্থান থেকেই রিপোর্ট সাবমিট করা যাবে। এজন্য মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তরে আসা বা রিপোর্টের হার্ড কপি জমা প্রদানের কোন প্রয়োজন হবেনা। প্রত্যেক কর্মকর্তা নিজ নিজ PDS Login করে প্রোগ্রেস রিপোর্ট আপলোড করবেন এবং মাউশি অধিদপ্তর এর একজন কর্মকর্তা যিনি এডমিনের দায়িত্ব পালন করবেন তিনি তা অনুমোদন করবেন।

EMIS এর ওয়েবসাইটে এ প্রবেশ করে নিজস্ব  
Login ID এবং Password দিয়ে PDS Login করে  
HSRIMS (Higher Study and Research  
Information Management System) এ গিয়ে  
Progress Report Management এর মাধ্যমে  
Progress Report এর Scane Copy Upload  
করণ



প্রশিক্ষণ উইং এর নিযুক্ত এডমিন কর্তৃক অনুমোদন

আগামী ০১/১১/২০২০ খ্রি. থেকে বর্ণিত কার্যক্রমের পাইলটিং শুরু হবে এবং ০১/০১/২০২১ খ্রি. তারিখের পর থেকে উচ্চ শিক্ষা/গবেষণা কাজের অগ্রগতির প্রতিবেদনের কোন হার্ড কপি গ্রহণ করা হবেনা।

এমতাবস্থায়, উচ্চ শিক্ষা/গবেষণা কাজে নিয়োজিত সকল কর্মকর্তাকে উপরোক্ত পদ্ধতি অবলম্বন করে উচ্চ শিক্ষা/গবেষণা কাজের প্রতি ০৬ (ছয়) মাসের অগ্রগতির প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হল।

*Balig*  
১২/১০/২০

প্রফেসর ড. প্রবীর কুমার ভট্টাচার্য  
পরিচালক (প্রশিক্ষণ)

ও

ইনোভেশন অফিসার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল:

১. পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
২. পিএ টু মহাপরিচালক (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
৩. অফিস কপি।

*Fazil*  
12.10.2020

মোঃ তানভীর হাসান  
সহকারী পরিচালক (প্রশিক্ষণ-২)  
ফোন: ০২-৪১০৫০২৮৪